গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়

জীবন বীমা কর্পোরেশন
প্রধান কার্যালয়, ২৪ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

সহকারী জেনারেল ম্যানেজার, সিলেট রিজিওনাল অফিস, সিলেট

এবং

ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা কর্পোরেশন-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২৪ - ৩০ জুন, ২০২৫

# সূচিপত্র


| | বিবরণী | পৃষ্ঠা নং |
|---|---|---|
| | জীবন বীমা কর্পোরেশন- এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ০৩ |
| | উপক্রমণিকা | ০৪ |
| সেকশন ১: | রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ০৫ |
| সেকশন ২: | বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল /প্রভাব (Outcome/Impact) | ০৬ |
| সেকশন ৩: | কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ০৭-০৮ |
| সংযোজনী ১: | শব্দ সংক্ষেপ (Acronyms) | ১০ |
| সংযোজনী ২: | কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি | ১১ |
| সংযোজনী ৩: | কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগ/ দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা | ১২ |

# জীবন বীমা কর্পোরেশনের কর্ম সম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the performance of Jiban Bima Corporation)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

প্রতিষ্ঠালগ্ন থেকে জীবন বীমা কর্পোরেশন এর ব্যবসায়িক কর্মকান্ড পরিচালনার মাধ্যমে বিপুল সংখ্যক বেকার জনগোষ্ঠীর কর্মসংস্থানের ব্যবস্থা করছে। এছাড়া, কর্পোরেশনের বিনিয়োগযোগ্য তহবিল বিনিয়োগের মাধ্যমে দেশের উন্নয়নমূলক কার্যক্রমে সক্রিয় ভূমিকা পালন করছে। কর্পোরেশন ১৫.৭০ কোটি টাকা ঘাটতি, ২১.৮৩ কোটি টাকা লাইফ ফান্ড এবং ৬.৪৫ কোটি টাকা প্রিমিয়াম আয় এবং ১৭(সতের)টি বাণিজ্যিক ভবন (১০টি উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত) নিয়ে এর কর্মকান্ড শুরু করে। ২০২৩ সালের শেষে প্রিমিয়াম আয় ৮১৮.৩৫ কোটি টাকা অতিক্রম করেছে এবং লাইফ ফান্ড ২৬৩৫ কোটি টাকা অতিক্রম করতে সক্ষম হয়েছে। বীমা গ্রহীতাগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে সকল বিভাগ ও ১২টি পুরাতন বৃহত্তর জেলা শহরে সেবা কার্যক্রম চালু করা হয়েছে। প্রবাসী কর্মীদের জীবনের ঝুঁকি ও আর্থিক নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের সাথে প্রবাসী কর্মী গোষ্ঠীবীমা চালু রয়েছে। গত ১২-০৩-২৩খ্রিঃ তারিখে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ও জীবন বীমা কর্পোরেশনের মধ্যে ৫(পাঁচ) বছর মেয়াদী "প্রবাসী কর্মী বীমা" চুক্তি সম্পাদিত হয়েছে। আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ গত ২৩-১২-২০২২খ্রিঃ তারিখে কর্পোরেশনের ই-ইন্স্যুরেন্স সিস্টেমের শুভ উদ্বোধন করেন। একজন বীমা গ্রাহক কর্পোরেশনের ওয়েব সাইটের ই-সেবা লিংকের মাধ্যমে তাঁর বীমা সম্পর্কিত তথ্য জানতে পারবেন। গত ১-০৪-২০২৩খ্রিঃ তারিখে বাংলাদেশ বিমান ও জীবন বীমা কর্পোরেশনের মধ্যে স্বাস্থ্যবীমা চুক্তি সম্পাদিত হয়েছে। যেখানে বাংলাদেশ বিমানের প্রত্যেক কর্মকর্তা/কর্মচারী বছরে মাত্র ৩,০০০টাকা প্রিমিয়াম প্রদানের মাধ্যমে পরিবারের পোষ্যসহ বছরে সর্বোচ্চ ৬,০০,০০০ টাকার চিকিৎসা সুবিধা পাবেন। গত ০৬-০৬-২০২৪ খ্রিঃ তারিখে জীবন বীমা কর্পোরেশন ও ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি এর মধ্যে ব্যাংকাস্যুরেন্স চুক্তি স্বাক্ষরিত হয়। এই চুক্তির ফলে সংশ্লিষ্ট ব্যাংক গ্রাহকগণ ব্যাংক শাখা হতেই কর্পোরেশনের বীমা পলিসি গ্রহণ করতে পারবেন এবং প্রিমিয়াম প্রদান, কিস্তির টাকা গ্রহণ ইত্যাদি যাবতীয় লেনদেন তার ব্যাংক একাউন্টের মাধ্যমে সম্পন্ন করতে পারবেন। যা কর্পোরেশনের জন্য একটি যুগান্তকারী পদক্ষেপ।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

বীমা সম্পর্কে জনগণের সচেতনতার অভাব ও সাধারণ জনগণের বীমা সম্পর্কে অজ্ঞতা। কর্পোরেশনের অফিসসমূহে জনবলের অভাব। জীবন বীমা ব্যবসায় নিয়োজিত অন্যান্য প্রতিষ্ঠানের সাথে প্রতিযোগিতায় উত্তীর্ণ হওয়া। প্রশাসনিক ও আর্থিক শৃংঙ্খলার মাধ্যমে জবাবদিহীতা নিশ্চিতকরণ। বীমা দাবি নিষ্পত্তির বিষয়ে জনগণের অধিকতর আস্থা প্রতিষ্ঠা করা। যুগোপযোগী গ্রাহকসেবা নিশ্চিত করা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

বীমা সম্পর্কে জনগণের মধ্যে আস্থা সৃষ্টির লক্ষ্যে বীমা আইনের সকল বিধান যথাযথভাবে অনুসরণ ও যথাসময়ে বীমা দাবী নিষ্পিত্তিকরণ এবং কর্পোরেশনের সকল অফিস ডিজিটাল সেবার আওতায় আনা হবে। দেশের সকল পেশার মানুষের উপযোগী বীমা স্কিম বিপণনের মাধ্যমে কর্পোরেশনের প্রিমিয়াম আয় বৃদ্ধি করা হবে।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ২০২৪-২০২৫ অর্থ বছরে কর্পোরেশনের সিলেট রিজিওনাল অফিসের ১ম বর্ষ প্রিমিয়াম আয় ৩.২৫ কোটি টাকা এবং নবায়ন প্রিমিয়াম আয় ১৫ কোটি টাকা অর্জনের লক্ষ্যমাত্রা;
- ২০২৪-২০২৫ অর্থবছরে উত্থাপিত মেয়াদোত্তর দাবির ৮৭% ৩০ দিনের মধ্যে, মৃত্যু দাবির ৮৭.৫০% ৯০ দিনের মধ্যে, এবং প্রত্যাশিত সুবিধার ৯০% ১৫ দিনের মধ্যে নিষ্পত্তি করা।

# উপক্রমনিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

আমি, সহকারী জেনারেল ম্যানেজার, সিলেট রিজিওনাল অফিস, জীবন বীমা কর্পোরেশন

এবং

ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা কর্পোরেশন-এর মধ্যে
২০২৪ সালের জুন মাসের ২৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ সংযুক্ত বিষয়সমূহে সম্মত হলেন:

# সেকশন ১:

## রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প(Vision)

বীমা আইনের আওতায় সকল পেশার মানুষের জীবনের ঝুঁকি গ্রহণের মাধ্যমে আর্থিক নিরাপত্তা প্রদান করা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

জনগণকে সঞ্চয়মুখী করে তাদের জীবন যাত্রার মান উন্নয়ন এবং পুঁজি গঠনের মাধ্যমে দেশের আর্থ সামাজিক উন্নয়নে অংশগ্রহণ।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. কর্পোরেশনের আয় ও আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধিকরণ;

২. গ্রাহক সেবার মান উন্নয়ন;

৩. জীবন বীমার সামগ্রিক কার্যক্রম ডিজিটালাইজেশন;

৪. সুশাসন ও আর্থিক শৃঙ্খলা বাস্তবায়ন;

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. কর্পোরেশনের সকল অফিসে সম্পাদিত আর্থিক কার্যক্রম যথাসময়ে নিরীক্ষার আওতায় আনয়ন;

২. দেশের সকল পেশার মানুষের উপযোগী বীমা স্কিম চালু ও বিপননের মাধ্যমে কর্পোরেশনের প্রিমিয়াম আয় বৃদ্ধি করণ;

৩. কর্পোরেশনের নতুন ব্যবসা বৃদ্ধির লক্ষ্যে নিয়মিতভাবে বীমা প্রতিনিধি, উন্নয়ন অফিসার ও উন্নয়ন কর্মকর্তা নিয়োগ করার ক্ষেত্রে মহিলাদের অংশগ্রহণের বিষয়ে অগ্রাধিকার দেয়া ;

৪. বীমা সর্ম্পকে জনগণের মধ্যে আস্থা সৃষ্টির লক্ষ্যে বীমা আইনের সকল আইন যথাযথভাবে অনুসরণ ও যথাসময়ে বীমা দাবী নিষ্পিত্তিকরণ; এবং

৫. কর্পোরেশনের বিদ্যমান অনলাইন ইস্যুরেন্স সিস্টেম আপগ্রেড এবং সকল অফিস ডিজিটাল সেবার আওতায় আনয়ন।

# সেকশন ১:

## রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প(Vision)

বীমা আইনের আওতায় সকল পেশার মানুষের জীবনের ঝুঁকি গ্রহণের মাধ্যমে আর্থিক নিরাপত্তা প্রদান করা।

### ১.২ অভিলক্ষ্য (**Mission**)

জনগণকে সঞ্চয়মুখী করে তাদের জীবন যাত্রার মান উন্নয়ন এবং পুঁজি গঠনের মাধ্যমে দেশের আর্থ সামাজিক উন্নয়নে অংশগ্রহণ।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. কর্পোরেশনের আয় ও আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধিকরণ;

২. গ্রাহক সেবার মান উন্নয়ন;

৩. জীবন বীমার সামগ্রিক কার্যক্রম ডিজিটালাইজেশন;

৪. সুশাসন ও আর্থিক শৃঙ্খলা বাস্তবায়ন;

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. কর্পোরেশনের সকল অফিসে সম্পাদিত আর্থিক কার্যক্রম যথাসময়ে নিরীক্ষার আওতায় আনয়ন;

২. দেশের সকল পেশার মানুষের উপযোগী বীমা স্কিম চালু ও বিপননের মাধ্যমে কর্পোরেশনের প্রিমিয়াম আয় বৃদ্ধি করণ;

৩. কর্পোরেশনের নতুন ব্যবসা বৃদ্ধির লক্ষ্যে নিয়মিতভাবে বীমা প্রতিনিধি, উন্নয়ন অফিসার ও উন্নয়ন কর্মকর্তা নিয়োগ করার ক্ষেত্রে মহিলাদের অংশগ্রহণের বিষয়ে অগ্রাধিকার দেয়া ;

৪. বীমা সম্পর্কে জনগণের মধ্যে আস্থা সৃষ্টির লক্ষ্যে বীমা আইনের সকল আইন যথাযথভাবে অনুসরণ ও যথাসময়ে বীমা দাবী নিষ্পিত্তিকরণ; এবং

৫. কর্পোরেশনের বিদ্যমান অনলাইন ইস্যুরেন্স সিস্টেম আপগ্রেড এবং সকল অফিস ডিজিটাল সেবার আওতায় আনয়ন।

# সেকশন-২

জীবন বীমা কর্পোরেশনের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্তমন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| কর্পোরেশনের ব্যবসায় সম্প্রসারণ | কর্পোরেশনের নতুন গ্রাহক সংখ্যা | সংখ্যা | ১৩০০ | ১০১২ | ১৪০০ | ১৫০০ | ১৬০০ | জীবীক. প্রঃ কাঃ | দাখিলকৃত প্রতিবেদন রেজিস্টার |

## সেকশন-৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight Strategic Objective) | কার্যক্রম (Activities) | কার্যসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কার্যসম্পাদন সূচকের মান (Weight of P1) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | প্রক্ষেপণ (Projection) ২০২৫-২৬ | প্রক্ষেপণ (Projection) ২০২৬-২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | |
| [১] কর্পোরেশনের প্রিমিয়াম আয় বৃদ্ধিকরণ | ২৫ | [১.১] প্রিমিয়াম আয় | [১.১.১] ১ম বর্ষ প্রিমিয়াম আয় | কোটি টাকা | ১৫ | ৩.০০ | ৩.২৫ | ৩.২৫ | ৩.২০ | ৩.১৫ | ৩.৫০ | ৩.৭৫ |
| | | | [১.১.২] নবায়ন প্রিমিয়াম আয় | কোটি টাকা | ১০ | ১৪.০০ | ১৩.০০ | ১৫.০০ | ১৪.৮০ | ১৪.৬০ | ১৬.০০ | ১৭.০০ |
| [২] কর্পোরেশনের আর্থিক অন্তর্ভূক্তি বৃদ্ধিকরণ | ১২ | [২.১] লাইফ পলিসি সংখ্যা বৃদ্ধি | [২.১.১] নতুন একক পলিসির গ্রাহক সংখ্যা | সংখ্যা | ৬ | ১৩০০ | ১০১২ | ১৪০০ | ১৪৫০ | ১৪০০ | ১৫০০ | ১৬০০ |
| | | [২.২] মাঠ পর্যায়ে বীমা প্রতিনিধির সংখ্যা বৃদ্ধি | [২.২.১] নতুন বীমা প্রতিনিধির সংখ্যা বৃদ্ধি | সংখ্যা | ৬ | ১৭০ | ১১০ | ২০০ | ১৯০ | ১৮০ | ২২৫ | ২৫০ |
| [৩] গ্রাহক সেবার মান উন্নয়ন | ২৩ | [৩.১] ৩০ দিনের মধ্যে মেয়াদোত্তর দাবী পরিশোধ | [৩.১.১] ৩০ দিনের মধ্যে মেয়াদোত্তর দাবী পরিশোধের হার | % | ৮ | ৮৬ | ৮৬ | ৮৭ | ৮৬.৫০ | ৮৬.০০ | ৮৮ | ৮৯ |
| | | [৩.২] ৯০দিনের মধ্যে মরণোত্তর দাবি পরিশোধ | [৩.২.১] ৯০ দিনের মধ্যে মরণোত্তর দাবী পরিশোধের হার | % | ৮ | ৮৭ | ৮৭ | ৮৭.৫০ | ৮৭.৩০ | ৮৭.১০ | ৮৮ | ৮৯ |
| | | [৩.৩] ১৫ দিনের মধ্যে প্রত্যাশিত সুবিধা পরিশোধ | [৩.৩.১] ১৫ দিনের মধ্যে প্রত্যাশিত সুবিধা পরিশোধের হার | % | ৭ | ৯০ | ৯০ | ৯০ | ৮৯.৫০ | ৮৯.০০ | ৯০ | ৯০ |
| [৪] সুশাসন ও আর্থিক শৃঙ্খলা বাস্তবায়ন | ১০ | [৪.১] মাঠ পর্যায়ের অফিসের সাথে সমন্বয় সভা আয়োজন। | [৪.১.১] মাঠ পর্যায়ের অফিসের সাথে সমন্বয় সভা আয়োজিত | সংখ্যা | ৫ | ৬ | ৬ | ৬ | ৫ | ৪ | ৭ | ৮ |
| | | [৪.২] রিজিওনাল ইনচার্জ কর্তৃক অধীনস্থ অফিস পরিদর্শন | [৪.২.১] রিজিওনাল ইনচার্জ কর্তৃক অধীনস্থ অফিস পরিদর্শনকৃত | সংখ্যা | ৫ | - | ৬ | ৬ | ৫ | ৪ | ৭ | ৮ |

## আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত)

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | প্রক্ষেপণ ২০২৫-২৬ | প্রক্ষেপণ ২০২৬-২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | | |
| সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | |
| সুশাসন ও সংস্কার মূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | ১.১) শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ১.১.১)শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | |
| | | ১.২) ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ১.২.১) ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | |
| | | ১.৩) অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ১.৩.১) অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | |
| | | ১.৪)সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ১.৪.১)সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | |
| | | ১.৫) তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ১.৫.১)তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | |

আমি, সহকারী জেনারেল ম্যানেজার, সিলেট রিজিওনাল অফিস, জীবন বীমা কর্পোরেশন-এর প্রতিনিধি হিসাবে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে আমরা সচেষ্ট থাকব।

আমি, ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা কর্পোরেশন-এর প্রতিনিধি হিসেবে রিজিওনাল ইনচার্জ, সিলেট রিজিওনাল অফিস, জীবন বীমা কর্পোরেশন-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

২৪/০৬/২০২৪

রিজিওনাল ইনচার্জ
জীবন বীমা কর্পোরেশন
সিলেট রিজিওনাল অফিস, সিলেট

২৪/০৬/২০২৪

তারিখ

ব্যবস্থাপনা পরিচালক
জীবন বীমা কর্পোরেশন
প্রধান কার্যালয়, ২৪ মতিঝিল বা/এ, ঢাকা

২৪/০৬/২০২৪

তারিখ

## সংযোজনী-১: শব্দ সংক্ষেপ (Acronyms)

| | |
|---|---|
| জীবীক | : জীবন বীমা কর্পোরেশন; |
| আইডিআরএ | : ইন্স্যুরেন্স ডেভেলপমেন্ট এন্ড রেগুলেটরী অথরিটি; |
| এফ.পি.আর | : ফার্স্ট প্রিমিয়াম রিসিপ্ট। |

## সংযোজনী-২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক।

| কার্যক্রম (Activities) | কার্যসম্পাদন সূচক (Performance Indicator) | বাস্তবায়নকারী ইউনিট | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| প্রিমিয়াম আয় বৃদ্ধি | ১ম বর্ষ প্রিমিয়াম আয় | নতুন ব্যবসা বিভাগ | ত্রৈমাসিক প্রতিবেদন। |
| | নবায়ন প্রিমিয়াম আয় | পরিসংখ্যান বিভাগ | ত্রৈমাসিক প্রতিবেদন। |
| কর্পোরেশনের গ্রাহক সংখ্যা বৃদ্ধি | নতুন গ্রাহক সংখ্যা বৃদ্ধি | উন্নয়ন বিভাগ | ত্রৈমাসিক প্রতিবেদন। |
| মাঠ পর্যায়ে বীমা প্রতিনিধির সংখ্যা বৃদ্ধি | নতুন বীমা প্রতিনিধির সংখ্যা বৃদ্ধি | উন্নয়ন বিভাগ | ত্রৈমাসিক প্রতিবেদন। |
| ৯০দিনের মধ্যে মরনোত্তর দাবি পরিশোদ | পরিশোধের হার | দাবি বিভাগ | ত্রৈমাসিক প্রতিবেদন। |
| ৩০ দিনের মধ্যে মেয়দোত্তর দাবী পরিশোধ | পরিশোধের হার | দাবি বিভাগ | ত্রৈমাসিক প্রতিবেদন। |
| ১৫ দিনের মধ্যে সারভাইবেল বেনিফিট পরিশোধ | পরিশোধের হার | দাবি বিভাগ | ত্রৈমাসিক প্রতিবেদন। |
| সুশাসন ও আর্থিক শৃঙ্খলা বাস্তবায়ন | মাঠ পর্যায়ের অফিসের সাথে সমন্বয় সভা আয়োজন। | প্রশাসন বিভাগ | ত্রৈমাসিক প্রতিবেদন। |
| সুশাসন ও আর্থিক শৃঙ্খলা বাস্তবায়ন | রিজিওনাল ইনচার্জ কর্তৃক অধীনস্থ অফিস পরিদর্শনকৃত | প্রশাসন বিভাগ | ত্রৈমাসিক প্রতিবেদন। |

**সংযোজনী ৩:** অন্য দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ:

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| স্বাস্থ্য অধিদপ্তর/ স্থানীয় সরকার | ৯০দিনের মধ্যে মরণোত্তর দাবি পরিশোধ | ৯০ দিনের মধ্যে মৃত্যু দাবী পরিশোধ হার | দ্রুত মৃত্যুর কারণ সম্বলিত ডাক্তারী সনদ প্রদান | মৃত্যুর কারণ সম্বলিত ডাক্তারী সনদ ব্যতিত মরণোত্তর দাবি নিষ্পত্তি করা যায় না। | যথাসময়ে মৃত্যুর কারণ সম্বলিত ডাক্তারী সনদ না পেলে দাবি নিষ্পত্তি বিলম্বিত হয়। |